

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিতে নিম্নবর্ণিত শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
সহকারী অধ্যাপক			
০১	সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইংরেজি বিভাগ	কাদিরাবাদ সেনানিবাস	(ক) পিএইচডি/সমমান ডিগ্রিসহ সহ ন্যূনতম ২টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে যার মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে এবং দুই বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা ও ১ টি প্রকাশনা থাকতে হবে। অথবা (খ) এমফিল/সমমান ডিগ্রিসহ সহ ন্যূনতম ২টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে এবং তিন বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা ও ১ টি প্রকাশনা থাকতে হবে। অথবা (গ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মান সহ স্নাতকোত্তর ডিগ্রি, ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে এবং তিন বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা ও ২ টি প্রকাশনা থাকতে হবে। অথবা (ঘ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তা। বয়সসীমা শিথিলযোগ্য।
প্রভাষক			
০২	সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	ঐ	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী। (খ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। (গ) সমপর্যায়ের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন এবং বয়সসীমা শিথিলযোগ্য।
০৩	বিজনেস এডমিনিস্ট্রেশন (ম্যানেজমেন্ট ও একাউন্টিং) এবং ইংরেজি বিভাগ	ঐ	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক(সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী (যে কোন ০১টি প্রথম শ্রেণী)। (খ) কমপক্ষে ০২টি প্রথম শ্রেণী থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (গ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। (ঘ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সমমানের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন এবং বয়সসীমা শিথিলযোগ্য।

০৪	সেকশন অফিসার (পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর)	কাদিরাবাদ সেনানিবাস	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোন বিষয়ে ০৪ বছরের স্নাতক(সম্মান) অথবা স্নাতোকত্তর ডিগ্রীধারী হতে হবে। (খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (গ) প্রার্থীদের পরীক্ষা নিয়ন্ত্রক কার্যালয়ে ন্যূনতম ০১ (এক) বছরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। (ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।
০৫	অফিস সহায়ক	ঐ	(ক) ন্যূনতম এস এস সি পাশ। (খ) কম্পিউটার(এমএসঅফিস)এ পারদর্শী হতে হবে। (গ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে। (ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। সমযোগ্যতা সম্পন্ন অবসরপ্রাপ্ত সেনাসদস্যগণ আবেদন করতে পারবেন এবং বয়সসীমা শিথিলযোগ্য।

দরখাস্তের নিয়মাবলী :

১। আত্মহী প্রার্থীদের জীবনবৃত্তান্ত এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবিসহ আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, দয়ারামপুর, নাটোর বরাবরে **আগামী ২৯ জানুয়ারি ২০১৮** তারিখের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে অথবা registrar@bauet.ac.bd ই-মেইলে সিভিসহ আবেদন পত্র প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। শিক্ষক ও কর্মকর্তা পদের জন্য পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি **(BAUET) Qadirabad** এর অনুকূলে ৫০০ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে পাঠাতে হবে অথবা সাক্ষাৎকারের সময় সঙ্গে আনতে হবে।

৫। আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৬। সকল প্রার্থীত পদের ক্ষেত্রে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচী পরে জানান হবে।

৭। লিখিত পরীক্ষা /সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।

৮। লিখিত/মৌখিকপরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৯। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বিবেচনা করা হবে।

১১। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। সকল পদে বেতন আলোচনা সাপেক্ষ। উল্লেখ্য ০১ (এক) বছর প্রবেশনারী পিরিয়ড শেষে স্কেল অনুযায়ী / বাউয়েট এর বিধি মোতাবেক বেতন প্রদান করা হবে।

১৩। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

অতিরিক্ত রেজিস্ট্রার
BAUET, কাদিরাবাদ